গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্লানিং-১
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০২.১৭.৩৩৮

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৫ নং গুদারা ঘাটের নিকট শীতলক্ষ্যা নদীর উপর কদমরসুল ব্রিজ নির্মান প্রকল্প এর জন্য নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলার চাষাড়া (মিউনিসিপ্যালিটি) মৌজায় ০.১৭৫০ একর, খানপুর (ম. খন্ড) মৌজায় ০.০২৫০ একর, বন্দর উপজেলার একরামপুর (ম. খন্ড) মৌজায় ০.৪৬৫ একর, গংজ্ঞাকুল (ম. খন্ড) মৌজায় ০.৩৪৩ একর মোট ১.০০৮ একর ভূমি অধিগ্রহণ এর জন্য ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।**

সূত্র:
১) অত্র দপ্তরের স্মারক নম্বরঃ ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০২.১৭.৮৫৮; তারিখ: ২৯ আগস্ট ২০২২
২) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নারায়নগঞ্জ এর স্মারক নম্বরঃ৪৬.০২.৬৭০০.৭০০০.১৬.০০৮.২১.২৯২৭; তারিখঃ ২৬-০৭-২০২২
৩) অত্র দপ্তরের স্মারক নম্বরঃ ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.৫; তারিখ: ১৩ জানুয়ারি ২০২২
৪) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নারায়নগঞ্জ এর স্মারক নংঃ ৪৬.০২.৬৭০০.০০০.১৬.০০৫.২০.৩৪৮৬; তারিখঃ ১৯-১২-২০২১ খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, নারায়ণগঞ্জ হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৫ নং গুদারা ঘাটের নিকট শীতলক্ষ্যা নদীর উপর কদমরসুল ব্রিজ নির্মান প্রকল্প এর জন্য নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলার চাষাড়া (মিউনিসিপ্যালিটি) মৌজায় ০.১৭৫০ একর, খানপুর (ম. খন্ড) মৌজায় ০.০২৫০ একর, বন্দর উপজেলার একরামপুর (ম. খন্ড) মৌজায় ০.৪৬৫ একর, গংজ্ঞাকুল (ম. খন্ড) মৌজায় ০.৩৪৩ একর মোট ১.০০৮ একর ভূমি অধিগ্রহণ এর জন্য নগর উন্নয়ন অধিদপ্তর বরাবর আবেদন করেছেন। প্রত্যাশি সংস্থা কর্তৃক সরবরাহকৃত দাগসূচী নিম্নরূপঃ

| মৌজা | জে, এল নং | আর এস দাগ নং | অধিগ্রহন যোগ্য জমির পরিমাণ |
|---|---|---|---|
| চাষারা | ৫ | ৩৮৮ | ০.১৭৫০একর |
| খাঁনপুর | ৪ | ৪৮১৮ | ০.০২৫০একর |
| একরামপুর | ৪৯ | ১৩২,১৩৩,১৩৫,১৩৬,১৫৭,১৫৮, ১৬৪,১৬৫,১৬৬,১৬৭. | ০.৪৬৫০ একর |
| গঞ্জাকুল | ৫৬ | ২০৪,২০৮ | ০.৩৪৩০একর |
| মোট= | | | ১.০০৮ একর |

সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায় যে, চাষাড়া ও খানপুর মৌজাস্থ প্রস্তাবিত ব্রীজ আরম্ভের স্থানের উত্তরে কুমুদিনি ও দক্ষিনে রাস্তা ও শাখা খাল আছে। শীতলক্ষ্যা নদীর পূর্ব পাড়ে বন্দর থানাধীন গঞ্জাকুল মৌজাস্থ ফুড গোডাউনের উত্তর পাশের সংলগ্ন মরা খালের উপর দিয়ে ব্রীজটি নির্মানের জন্য প্রস্তাব করা হয়েছে । উল্লেখ্য যে, ফুড গোডাউনের উত্তর পার্শ্বে সীমা্না প্রাচীর সংলগ্ন ফুড গোডাউনের জমি ব্রীজের জন্য ব্যবহৃত হবে। অতপর একরামপুর মৌজাস্থ একরামপুর প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন নবীগঞ্জ টু বন্দর ১০০ ফুট প্রসস্থ রাস্তার সাথে সংযোগ হবে । একরামপুর মৌজায় ব্রীজ নির্মানের জন্য প্রস্তাবকৃত জমিতে ১টি ছয় তলা ভবন ,কয়েকটি ৩ তলাসহ ৮-৯ টি ২ তলা ভবন ও ৩০-৪০ টি কাচা–পাকা-সেমি পাকা ১ তলা ঘর রয়েছে। প্রস্তাবিত স্থানের ভিতর ২/৩ টি দোকান রয়েছে । প্রস্তাবিত জমি সমুহের অধিকাংশ ভিটি। প্রস্তাবিত স্থানে কোন সামাজিক প্রতিষ্ঠান, সরকারী অফিস, শিক্ষাপ্রতিষ্ঠান কবরস্থান /সেমিট্রি/শম্মান পাওয়া যায় নাই।

রাজউক প্রণীত Detailed Area Plan এ প্রস্তাবিত জমির ভুমি ব্যবহার হিসেবে mixed use zone, waterbody, proposed road network, urban residential zone এবং general industrial Zone হিসেবে চিহ্নিত রয়েছে। উল্লেখ্য যে, Town Improvement Act, 1953 এর 75(1) ধারা অনুযায়ী "Permission for use of land Contrary to the Master Plan" এর ক্ষেত্রে রাজউকের চেয়ারম্যানকে ক্ষমতা দেওয়া আছে।

এমতাবস্থায়, জনস্বার্থে ও প্রকল্পের গুরুত্ব বিবেচনায়, খাল ও জলাশয়ের গতি পরিবর্তন না করা ও প্রয়োজনীয় হাইড্রোলজিক্যাল সার্ভে সম্পন্ন করা সাপেক্ষে নারায়ণগঞ্জ হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৫ নং গুদারা ঘাটের নিকট শীতলক্ষ্যা নদীর উপর কদমরসুল ব্রিজ নির্মান প্রকল্প এর জন্য নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলার চাষাড়া (মিউনিসিপ্যালিটি), খানপুর (ম. খন্ড), বন্দর উপজেলার একরামপুর (ম. খন্ড) ও গংজ্ঞাকুল (ম. খন্ড) মৌজায় মোট ১.০০৮ একর জমি অধিগ্রহনের অনাপত্তি প্রদান করা হলো। উল্লেখ্য যে, এ ভূমি ব্যবহার ছাড়পত্র জমির মালিকানা বুঝাবে না এবং এ বিষয়ে মামলা হলে তা আবেদনকারী সংস্থার দায়িত্ব হিসেবে বিবেচিত হবে।

সংযুক্তিঃ


১) সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন

২) রাজউক প্রণীত Detailed Area Plan এর প্রস্তাবির ভুমি ব্যবহার ম্যাপ

৩) প্রস্তাবিত ভুমি চিহ্নিত গুগল ম্যাপ

৪) রাজউক কতৃক প্রেরীত অনাপত্তিপত্র

(https://udd.nothi.gov.bd/noteDetail/12249/298239/showPotroAttachment/12249)



২২-৯-২০২২

শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান

সিনিয়র প্ল্যানার

ফোন: ২২৩৩৫০২০৮

ইমেইল: smtariquzzaman@yahoo.com

শেখ তাজুল ইসলাম তুহিন

নির্বাহী প্রকৌশলী নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এলজিইডি, নারায়ণগঞ্জ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০২.১৭.৩৩৮/১(৬)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর


২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর

৩) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর

৪) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর

৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



২২-৯-২০২২

ফৌজিয়া শারমিন তিথি

প্ল্যানার